**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 02-09-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) ত্রিপুরা থেকে প্রথমবারের মত মোট ১৮.৭ মেট্রিক টন জৈব পণ্য ইউরোপের বাজারে রপ্তানি হয়েছে।**

**(২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দেশবাসীকে স্বদেশি পণ্য ব্যবহারের আহ্বান জানিয়েছেন।**

**(৩) বন্যাকবলিত নেপালে উদ্ধার ও ত্রাণকাজে ভারত সবরকম সহযোগিতা অব্যাহত রেখেছে।**

**(৪) আগামীকাল থেকে মহিলাদের রাজ্যভিত্তিক সিনিয়র ক্রিকেট টুর্ণামেন্ট শুরু হচ্ছে।**

*****************************

**Agriculture Minister :**

ত্রিপুরা থেকে এই প্রথম মোট ১৮.৭ মেট্রিক টন জৈব পণ্য ইউরোপের বাজারে রপ্তানি করা হল। কৃষিমন্ত্রী রতন লাল নাথ আজ আগরতলায় এই জৈব পণ্যগুলির রপ্তানি যাত্রার সূচনা করেন। এই পণ্যগুলির মধ্যে রয়েছে কালিখাসা, স্টিকি রাইস, ব্ল্যাক রাইস ও হরিনারায়ণ চাল। এদিকে, প্রজ্ঞাভবনে আয়োজিত ন্যাশনাল প্রোগ্রাম ফর অর্গানিক প্রোডাকশনের কর্মসূচিতে কৃষিমন্ত্রী বলেন, সাম্প্রতিক বছরগুলিতে ত্রিপুরা থেকে বিভিন্ন অর্গানিক জৈব পণ্য দেশের বিভিন্ন প্রান্তের পাশাপাশি আন্তর্জাতিক বাজারেও পৌঁছেছে। কালিখাসা, সুগন্ধি চাল, আদা, সুগন্ধি লেবু, বার্ডস আই চিলি এবং জিআই-ট্যাগপ্রাপ্ত কুইন আনারস ইতিমধ্যেই দিল্লি, মহারাষ্ট্র, বেঙ্গালুরু, গুজরাট, পশ্চিমবঙ্গ ও গুয়াহাটির বাজারে পৌঁছেছে। পাশাপাশি জার্মানি, দুবাই, ওমান এবং বাংলাদেশেও ত্রিপুরার কৃষিপণ্যের বাজার তৈরি হয়েছে।

তিনি জানান, বর্তমানে রাজ্যে মোট ২৬,৬০০ হেক্টর জমি জৈব চাষের আওতায় এসেছে।

*****************************

**Nomination Submit :**

ভিলেজ কমিটি নির্বাচনে মনোনয়নপত্র দাখিলের দ্বিতীয় দিনে আজ দক্ষিণ জেলার রাজনগর, ঋষ্যমুখ ও ভারতচন্দ্র নগর ব্লকে ২৩ জন সিপিআইএম প্রার্থী মনোনয়ন দাখিল করেছেন। মনোনয়নপত্র জমা দেওয়ার সময় প্রার্থীদের সঙ্গে ছিলেন বিধায়ক দীপংকর সেন সহ সিপিআইএম নেতৃবৃন্দ।

এদিকে, দক্ষিণ জেলার জেলাশাসক মহম্মদ সাজাদ পি আজ সাংবাদিক সম্মেলনে জানান, এই জেলায় মোট ৮টি ব্লকে ৭০টি ভিলেজ কমিটির জন্য নির্বাচন অনুষ্ঠিত হবে। মোট ভোটগ্রহণ কেন্দ্র থাকবে ১৭৭টি। জেলায় মোট ভোটার ১ লক্ষ ১৫ হাজার ৩৫৫ জন। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার সুমন মজুমদার। তিনি বলেন, ভোট প্রক্রিয়া সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য পর্যাপ্ত নিরাপত্তা ব্যবস্থা করা হবে।

***************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দেশবাসীকে স্বদেশি পণ্য ব্যবহারের আহ্বান জানিয়েছেন। একই সঙ্গে তিনি অপ্রয়োজনীয় সোনা কেনা, বিদেশে বিবাহ এবং অবকাশ যাপনের জন্য বিদেশ ভ্রমণ এড়িয়ে চলার আবেদন জানিয়েছেন। এক ভিডিও বার্তায় প্রধানমন্ত্রী বলেন, দেশকে আত্মনির্ভর করে তুলতে স্বদেশি পণ্যের ব্যবহার বাড়াতে হবে। আরও গুরুত্ব দিতে হবে দেশীয় উৎপাদনের ওপর। ভারতের জিডিপি অর্থাৎ অর্থনৈতিক প্রবৃদ্ধি ৭ দশমিক ৮ শতাংশ হওয়ায় দেশবাসীকে অভিনন্দন জানিয়েছেন প্রধানমন্ত্রী। তিনি বলেন, বিশ্বজুড়ে অনিশ্চয়তা, যুদ্ধ, সংকট এবং সরবরাহ-শৃঙ্খলে বিঘ্ন সত্ত্বেও ভারত দ্রুত এগিয়ে চলেছে।

*****************************

**Khowai-Panchayat :**

জেলা শাসক রজত পান্থ এর নেতৃত্বে এক প্রতিনিধি দল আজ খোয়াই ব্লকের পূর্ব চেবরী, শান্তিনগর ও লক্ষ্মী নারায়নপুর গ্রাম পঞ্চায়েতে স্কুল, অঙ্গনওয়াড়ি কেন্দ্র, রাস্তাঘাট, আয়ুষ্মান আরোগ্য মন্দির পরিদর্শন করেন। তারা গ্রাম পঞ্চায়েতগুলোতে ভি-বি জি-রাম-জি প্রকল্পের কাজকর্মও পর্যালোচনা করেন। তারা গ্রামবাসীদের সঙ্গে কথা বলেন ও পঞ্চায়েতের বিভিন্ন সমস্যা সম্পর্কে অবহিত হন।

****************************

**BJP Meeting :**

আজ আগরতলায় প্রদেশ বিজেপি'র এক সাংগঠনিক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে ভিলেজ কমিটি নির্বাচনে দলের রণকৌশল নিয়ে বিস্তারিত আলোচনা হয়। তাছাড়া ১৭ই সেপ্টেম্বর থেকে একমাসব্যাপী 'সেবা সংকল্প অভিযান' নিয়েও বৈঠকে আলোচনা হয়। উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা, বিজেপির সর্বভারতীয় সাংগঠনিক সাধারণ সম্পাদক বি. এল. সন্তোষ, সর্বভারতীয় সাধারণ সম্পাদক সাংসদ বিপ্লব কুমার দেব, বিজেপি'র উত্তর-পূর্বাঞ্চলের সমন্বয়ক ড. সম্বিত পাত্র, প্রদেশ বিজেপি সভাপতি অভিষেক দেবরায় প্রমুখ।

***************************

**Krishak Shabha :**

কৃষকসভা রাজ্য কমিটির ২২তম রাজ্য সম্মেলন আজ আগরতলায় শেষ হয়েছে। এডিসির ভিলেজ কমিটি নির্বাচনের পরিপ্রেক্ষিতে নির্ধারিত সময়ের একদিন আগেই সম্মেলন শেষ হয়ে যায়। সারা ভারত কৃষকসভার সহ সভাপতি হান্নান মোল্লা সহ অন্যান্য নেতৃবৃন্দ আজ সম্মেলনে বক্তব্য রাখেন। সম্মেলনে ১১৫ জনের নতুন রাজ্য কমিটি গঠন করা হয়েছে। সভাপতি পদে নির্বাচিত হয়েছেন অঘোর দেববর্মা, সম্পাদক রতন দাস ও কোষাধ্যক্ষ পদে নির্বাচিত হয়েছেন সিদ্দিকুর রহমান।

**************************

**Kailashahar Airport :**

এয়ারপোর্ট অথরিটি অব ইন্ডিয়ার এক প্রতিনিধিদল আজ সকালে কৈলাশহর বিমানবন্দরটি পরিদর্শন করেন। তারা বর্তমান রানওয়ে সহ পরিকাঠামো ঘুরে দেখেন। এরপর কৈলাশহর সার্কিট হাউসে এক বৈঠকে কৈলাশহর বিমানবন্দরে উড়ান চলাচলের সম্ভাবনা ও সম্ভাব্য যাত্রী সংখ্যা নিয়ে মূল্যায়ন করা হয়। বৈঠকে তারা ঊনকোটি জেলার জনপ্রতিনিধি, জেলা প্রশাসনের পদস্থ আধিকারিক, ব্যবসায়ী ও চা বাগানের কর্ণধারদের কাছ থেকে মতামত গ্রহণ করেন। বৈঠকে এয়ারপোর্ট অথরিটি অব ইন্ডিয়ার কর্পোরেট প্ল্যানিং এন্ড ম্যানেজমেন্ট সার্ভিসেস এর জেনারেল ম্যানেজার সুফি সৈদুল্লা, সহকারী জেনারেল ম্যানেজার বিশ্বপ্রিয় মজুমদার প্রমুখ উপস্থিত ছিলেন। তাছাড়া ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাধিনেত্রী অপর্না নাথ, ঊনকোটি জেলার জেলাশাসক মেঘা জৈন, অতিরিক্ত জেলাশাসক অর্ঘ্য সাহা প্রমুখ উপস্থিত ছিলেন।

*************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ–আই–আর অ্যাপে। ফলো করুন - সোশ্যাল মিডিয়ায় ফেসবুক ও এক্স হ্যান্ডেল অল ইন্ডিয়া রেডিও নিউজ এবং ইনস্টাগ্রাম পেজ এ–আই–আর–নিউজ–এলার্টস। দেখুন অফিসিয়াল ইউটিউব চ্যানেল নিউজ–অন–এআইআর।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউটিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*****************************

**Nepal Flood :**

নেপালের প্রধানমন্ত্রী বলেন্দ্র শাহ আজ সে দেশের আকস্মিক বন্যায় সৃষ্ট বিপর্যয় নিয়ে সংসদে বক্তব্য রাখেন। তিনি বলেন, এই সংকট কাটিয়ে উঠতে দৃঢ় সংকল্প ও সাহসের প্রয়োজন। গত ২৬ আগস্ট নেপাল-তিব্বত সীমান্তের কাছে বরফ ও পাথরের ধস থেকে সৃষ্ট আকস্মিক বন্যায় উত্তর ও মধ্য নেপালের বিস্তীর্ণ এলাকা ক্ষতিগ্রস্ত হয়। এখনও পর্যন্ত ১,১০০-র বেশি মানুষের মৃত্যু হয়েছে এবং ৪,৮০০-রও বেশি মানুষ নিখোঁজ রয়েছেন।

প্রধানমন্ত্রী জানান, রাসুয়া, নুয়াকোট ও ধাদিং-এই তিন জেলা ছাড়াও বন্যার প্রভাব পড়েছে গোটা দেশে। উদ্ধার ও ত্রাণকাজে নিরাপত্তা বাহিনী মোতায়েন করা হয়েছে এবং সেনাবাহিনীর হেলিকপ্টারে উদ্ধার ও সরিয়ে নেওয়ার কাজ চলছে। ক্ষতিগ্রস্ত পরিবারগুলিকে আর্থিক সহায়তা এবং আহতদের বিনামূল্যে চিকিৎসার ব্যবস্থা করা হয়েছে। বিদ্যুৎ, জল সরবরাহ ও যোগাযোগ ব্যবস্থা পুনরুদ্ধারেও কাজ চলছে।

এদিকে, বন্যাকবলিত নেপালে উদ্ধার ও ত্রাণকাজে ভারত সবরকম সহযোগিতা অব্যাহত রেখেছে। নেপালে নিযুক্ত ভারতের রাষ্ট্রদূত জানিয়েছেন, আজ পঞ্চম ভারতীয় বিমান ত্রাণ ও উদ্ধার সামগ্রী নিয়ে নেপালে পৌঁছেছে। বিমানে বিশেষ সুড়ঙ্গ-উদ্ধার সরঞ্জাম-সহ ১১ সদস্যের একটি উদ্ধারকারী দল এবং সাড়ে পাঁচ টন অত্যাবশ্যক ওষুধ রয়েছে।

*****************************

**BRICS Meeting :**

সম্মিলিত জাতিপুঞ্জের মহাসচিব আন্তোনিও গুতেরেস চলতি মাসের শেষদিকে নয়াদিল্লিতে অনুষ্ঠিতব্য ১৮তম ব্রিকস শীর্ষ সম্মেলনে অংশগ্রহণ করবেন। চলতি বছর ব্রিকসের সভাপতিত্বের দায়িত্বে থাকা ভারত আগামী ১২ ও ১৩ই সেপ্টেম্বর নয়াদিল্লির ভারত মণ্ডপমে ১৮তম ব্রিকস শীর্ষ সম্মেলনের আয়োজন করবে। বিদেশ মন্ত্রক জানিয়েছে, এই সম্মেলনে ব্রিকসের সদস্য ও অংশীদার দেশগুলির নেতাদের পাশাপাশি আমন্ত্রিত দেশগুলির প্রতিনিধিরাও অংশ নেবেন। চলতি বছর ব্রিকসের ২০তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হচ্ছে।

****************************

**Aswanikumar :**

তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে এবং গোমতী জেলা শিক্ষা কার্যালয়ের সহযোগিতায় আজ গোমতী জেলাভিত্তিক অশ্বিনী কুমার বিশ্বাস শাস্ত্রীয় সঙ্গীত প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। উদয়পুর ভগিনী নিবেদিতা ইংরেজি মাধ্যম দ্বাদশ বিদ্যালয়ে আয়োজিত এই অনুষ্ঠানের সূচনা করেন উদয়পুর পুরপরিষদের চেয়ারপার্সন শীতল চন্দ্র মজুমদার। জেলার বিভিন্ন বিদ্যালয় থেকে মোট ৪২ জন ছাত্রছাত্রী প্রতিযোগিতায় অংশ নেয়।

**************************

**Janmastami :**

জন্মাষ্টমী উপলক্ষে আগামীকাল থেকে তিনদিনব্যাপী বর্ণাঢ্য উৎসব আয়োজন করবে ইসকন আগরতলা। আজ ইসকন আগরতলার পক্ষ থেকে জানানো হয়েছে, আগামীকাল বিকালে পূর্বাশা প্রাঙ্গণ থেকে বর্ণাঢ্য নগর সংকীর্তনের মাধ্যমে উৎসবের সূচনা হবে। চৌঠা সেপ্টেম্বর পূর্বাশা প্রাঙ্গণে অনুষ্ঠিত হবে ধর্মীয় ও সাংস্কৃতিক অনুষ্ঠান।

****************************

**Women Cricket :**

আগামীকাল থেকে মহিলাদের রাজ্যভিত্তিক সিনিয়র ক্রিকেট টুর্ণামেন্ট শুরু হচ্ছে। টিসিএ আয়োজিত এই টুর্ণামেন্টে রাজ্যের কুড়িটি মহকুমা অংশ নিচ্ছে। ১৬ই সেপ্টেম্বর আসরের ফাইনাল ম্যাচ রয়েছে।

***************************

**Girls Cricket :**

সদর আন্তঃস্কুল ক্রিকেট টি টোয়েন্টি প্রতিযোগিতায় আজ হোলিক্রস স্কুল বিজয় কুমার গার্লস স্কুলকে পরাজিত করেছে। বৃষ্টিবিঘ্নিত এই ম্যাচে বিজয় কুমার গার্লস স্কুল প্রথমে ব্যাট করে ১৪ ওভারে চার উইকেট হারিয়ে ৮৩ রান করে। পরে ব্যাট করতে নেমে হোলিক্রস চার উইকেট হারিয়ে প্রয়োজনীয় রান সংগ্রহ করে। প্রণবানন্দ বিদ্যামন্দির ও এসটি পলস স্কুলের অপর ম্যাচটি বৃষ্টির জন্য পরিত্যক্ত হয়।

**************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সবকটি জেলায় বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩১.২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫.৮ ডিগ্রী সেলসিয়াস। বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত আগরতলায় বৃষ্টি হয়েছে ২.৪ মিলিমিটার। সবচেয়ে বেশি বৃষ্টিপাত হয়েছে তৈদুতে, ৩৫.৬ মিলিমিটার।

**************************